



বাংলা বিভাগ


পাত্রসায়ের মহাবিদ্যালয়

পাত্রসায়ের, বাঁকুড়া, পিন নং - ৭২২২০৬

পাত্রসায়ের মহাবিদ্যালয়ের বাংলা বিভাগের উদ্যোগে 'নিদর্শন' দেয়াল পত্রিকার তৃতীয় সংখ্যা প্রকাশিত হতে চলেছে আগামী অগাস্ট মাসে। এই পত্রিকা বিভাগের ছাত্র-ছাত্রীরা ও অধ্যাপক অধ্যাপিকাবৃন্দের সৃজনশীলতার পরিচয় বহন করে। নিজেদের কবিতা প্রবন্ধ অংকন গল্প লেখার মাধ্যমে নিজস্ব চিন্তা ভাবনার যেমন প্রকাশ ঘটে তেমনি সুস্থ প্রতিভার বিকাশে সহায়তা করে। অনেক সময় অনেক কবিতা বা প্রবন্ধ বা গল্প রচনা মুদ্রণযন্ত্র বা ছাপার অক্ষরে প্রকাশ করার তেমন সুযোগ থাকে না। ছাত্র-ছাত্রীরা যাতে তাদের সৃষ্টিশীল প্রতিভাকে বিকশিত করতে পারে সেদিকে লক্ষ্য রেখে আমাদের পাত্রসায়ের মহাবিদ্যালয়ের বাংলা বিভাগ নিদর্শন দেয়াল পত্রিকার শুভ সূচনা করে। এই দেয়াল পত্রিকায় যে সমস্ত গল্প প্রবন্ধ কবিতা লেখা হয় সেগুলির নির্দিষ্ট কোনো বিষয় নেই সম্পূর্ণভাবে তা ছাত্র-ছাত্রীদের এবং অধ্যাপক অধ্যাপিকাদের সৃজনশীলতা ও নিজস্বতার প্রকাশ হিসেবে দেখা হয়। এই পত্রিকার মাধ্যমে বিভাগের সকল ছাত্র-ছাত্রী তাদের নিজস্ব প্রতিভার বহিঃপ্রকাশের সুযোগ পায়, যার দ্বারা অন্যান্য ছাত্র-ছাত্রীরাও অনুপ্রাণিত হয়।

আগামী ২০ জুলাই, ২০২৪ তারিখের মধ্যে সকলকে লেখা জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। বিভাগে এসে জমা দিতে পারেন অথবা বিভাগের মেল আইডি (bengalidepartment12@gmail.com) তে মেল করে লেখা পাঠাতে পারবেন।


ধন্যবাদ সহ—



(ড. সন্দীপ বর)

বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ
পাত্রসায়ের মহাবিদ্যালয়

Head, Department of Bengali
Patrasayer Mahavidyalaya
Patrasayer, Bankura



মাননীয় অধ্যক্ষ মহোদয়
পাত্রসায়ের মহাবিদ্যালয়

Principal
Patrasayer Mahavidyalaya
Patrasayer, Bankura